

# যুগান্তর

প্রিন্ট: ১৯ ফেব্রুয়ারি ২০২৫, ০২:৩৯ পিএম

শিক্ষাজ্ঞন

## সাত কলেজ সমন্বয়ে বিশ্ববিদ্যালয়ের নাম আঙ্গান ইউজিসি'র



যুগান্তর ডেক্স

প্রকাশ: ১৯ ফেব্রুয়ারি ২০২৫, ০৩:০২ এএম



x

ছবি: সংগৃহীত

রাজধানীর সাতটি সরকারি কলেজের সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ সনদপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট অংশীজনের কাছে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের নাম আহ্বান করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরী কমিশন (ইউজিসি)।

কলেজসমূহ হচ্ছে- ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও কবি নজরুল সরকারি কলেজ।

ইউজিসি মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের নাম প্রস্তাব বিষয়ে একটি অফিস নোট অনুমোদন করেছে।

অফিস নোটে ‘একটি পূর্ণাঙ্গ সনদপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে সর্বসাধারণের নিকট প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের নাম আহ্বান করা হচ্ছে। পরবর্তী ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে [info@ugc.gov.bd](mailto:info@ugc.gov.bd) (ইমেইল আইডিতে) নাম প্রেরণের জন্য অনুরোধ করা হচ্ছে’ বলে উল্লেখ করা হয়েছে।